সরকারি চাকরি, কোর্স ও পেশার খবর পেতে দেখুন
www.kaajcareer.in
লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/kaajcareer
Subscribe Youtube
https://bit.ly/30JCpt7

কাজকেরিয়ার

www.kaajcareer.in • www.fb.com/kaajcareer • মূল্য : ৫.০০ টাকা মাত্র • RNI No. WBBEN/2006/18125

মাবতীয় খবরের লেটেস্ট আপডেট পেতে দেখুন
www.amarbangla.co
আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/amarbangla
Subscribe Youtube
https://bit.ly/3eBS8Tt

বর্ষ ১৬ • সংখ্যা ১ • ২৯ ডিসেঃ ২১ - ৪ জানুয়ারি, ২০২২ | পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত | ১৩ পৌষ - ২০ পৌষ, ১৪২৮ • বুধবার-মঙ্গলবার

কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় বিভিন্ন মন্ত্রক ও অফিসে

কয়েক হাজার ইনস্পেক্টর, অ্যাসিস্ট্যান্ট, অডিটর পদে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: গ্রুপ বি ও গ্রুপ-সি পদে কয়েক হাজার কর্মী নিচ্ছে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিস ও মন্ত্রকে। কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন (SSC CGL)-২০২১-এর মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থী বাছাই করা হবে স্টাফ সিলেকশন কমিশন। নিয়োগ হবে নিচে বলা পদগুলিতে। যে কোনও ভারতীয় নাগরিক নিচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদের বিস্তারিত বিবরণ পরে জানিয়ে দেওয়া হবে।

গ্রুপ-বি গেজেটেড পদগুলি হল— অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট)। বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। **গ্রুপ-বি পদগুলি হল—** অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস), বয়স ২০ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (ইন্টেলিজেন্স ব্যুরো), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অফ রেলওয়েজ), বয়স ২০ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অফ এক্সটারনাল অ্যাফেয়ার্স), বয়স ২০ থেকে ৩০ বছরের

..... এরপর ৪ পাতায়

ইউপিএসসি-র ডিফেন্স ও ন্যাভাল অ্যাকাডেমির মাধ্যমে

৪০০ অফিসার নিচ্ছে ৩ কেন্দ্রীয় বাহিনীতে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (ওয়ান), ২০২২ (NDA & NA Exam. (I), 2022) পরীক্ষার মাধ্যমে, ট্রেনিংয়ের জন্য ৪০০ জনকে বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। নীচের মতো যোগ্যতার অবিবাহিত তরুণ-তরুণীরা পরীক্ষার বসার আবেদন করতে পারেন।

ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি-র আর্মির ক্ষেত্রে শূন্যপদ ২০৮টি (এরমধ্যে মহিলা ১০টি), নেভির ক্ষেত্রে শূন্যপদ ৪২টি (এরমধ্যে মহিলা ৩টি) এবং এয়ার ফোর্স অ্যাকাডেমির - ফ্লাইং ব্রাঞ্চে শূন্যপদ ৯২টি (এরমধ্যে মহিলা ২টি), গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল)-এ শূন্যপদ ১৮টি (এরমধ্যে মহিলা ২টি), গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল)-এ শূন্যপদ ১০টি (এরমধ্যে মহিলা ২টি)। আর ন্যাভাল অ্যাকাডেমি (১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিম)-এ শূন্যপদ ৩০টি (কেবল

..... এরপর ৪ পাতায়

ইউপিএসসি-র কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস পরীক্ষার মাধ্যমে

ইন্ডিয়ান নেভি, আর্মি ও এয়ারফোর্সে ৩৪১

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস "CDS (I)" পরীক্ষার মাধ্যমে, বিভিন্ন কোর্সের জন্য ৩৪১ জনকে বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। নীচের মতো যোগ্যতার অবিবাহিত তরুণ-তরুণীরা পরীক্ষার বসার আবেদন করতে পারেন।

(১) দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে ১৫৪তম (ডিই) কোর্স শুরু হবে ২০২৩-এর জানুয়ারিতে, আসন ১০০টি। (২) একিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে এক্সিকিউটিভ জেনারেল সার্ভিস/ হাইড্রো কোর্স শুরু হবে ২০২৩-এর জানুয়ারিতে, আসন ২২টি। (৩) হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমিতে প্রি-ফ্লাইং ট্রেনিং কোর্স শুরু হবে ২০২৩-এর জানুয়ারিতে, আসন ৩২টি। (৪) চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং

..... এরপর ২ পাতায়

অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসে

১৯৫ অধ্যাপক নিচ্ছে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: ১৯৫ অধ্যাপক নিচ্ছে উত্তর প্রদেশের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসে। নিয়োগ হবে মোট ৩৩টি স্পেশালিটি/ সুপার স্পেশালিটিতে। মাইনে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের মতোই।

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: মোট শূন্যপদ ১১৮ টি (অসং ২, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ওবিসি ১৬, আর্থিকভাবে দুর্বল ৮)। নিয়োগ হবে মেডিক্যাল সাবজেক্ট/ ডিসিপ্লিনগুলিতে। মাইনে ১,০১,৫০০ - ১,৬৭,৪০০ টাকা।

অ্যাসোসিয়েট প্রফেসর: মোট শূন্যপদ ২৫ টি (অসং ৭, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ওবিসি ৮, আর্থিকভাবে দুর্বল ৩)। অ্যাকাডেমিক লে ১,৩৮,৩০০ - ২,০৯,২০০ টাকা।

অ্যাডিশনাল প্রফেসর: মোট শূন্যপদ ২৩ টি (অসং ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ২)। অ্যাকাডেমিক লে ১,৪৮,২০০ - ২,১১,৪০০ টাকা।

প্রফেসর: মোট শূন্যপদ ২৯ টি

..... এরপর ৪ পাতায়

পশ্চিমবঙ্গের ব্যাঙ্কগুলিতে

৩৪ এলডিএ, সুপারভাইজর

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, ফিল্ড সুপারভাইজর, অফিস অ্যাসিস্ট্যান্ট সহ বিভিন্ন পদে ৩৪ জনকে নিচ্ছে পশ্চিমবঙ্গের বিভিন্ন কো-অপারেটিভ ও রুরাল ব্যাঙ্কগুলিতে। প্রার্থীবাছাই করবে ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস কমিশন। প্রার্থীকে মাধ্যমিক/ উচ্চমাধ্যমিক স্তরে বাংলা ভাষাকে অন্তত প্রথম বা দ্বিতীয় ভাষা হিসেবে

..... এরপর ৩ পাতায়

ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায়

২৫ অফিসার, এক্সপার্ট নিচ্ছে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: স্পেশ্যালিস্ট অফিসার/ ডোমেন এক্সপার্ট পদে ২৫ জনকে নিচ্ছে ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায়। ৩ বছরের চুক্তির ভিত্তিতে নিয়োগ হবে ডিজিটাল, ইকনোমিস্ট, ডিজিটাল লিনডিং অ্যান্ড ফিন-টেক সহ বিভিন্ন ডিসিপ্লিনে।

সিনিয়র ম্যানেজার (ডিজিটাল): শূন্যপদ ১টি (ওবিসি)। বি ই/ কম্পিউটার সায়েন্সের বিএসসি

..... এরপর ৩ পাতায়

ইঞ্জিনিয়ারিং, ফার্মাসি ও আর্কিটেকচার কোর্সে ভর্তির জন্য

পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার দরখাস্ত নিচ্ছে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি, ফার্মাসি এবং আর্কিটেকচারের আন্ডার গ্র্যাজুয়েট কোর্সে ভর্তির জন্য ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (জেইই)-২০২২ পরীক্ষার দরখাস্ত নিচ্ছে। এই কমন এন্ট্রান্স টেস্টে সফল হলে তবেই কোর্সগুলিতে ভর্তি হতে পারবেন। এই পরীক্ষা হবে আগামী ২৩ এপ্রিল। কোর্সগুলি পড়ানো হবে— ক্যালকাটা ইউনিভার্সিটি, যাদবপুর ইউনিভার্সিটি, ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অ্যানিম্যাল অ্যান্ড ফিশারিজ সায়েন্স, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, নেওটিয়া ইউনিভার্সিটি, আলিয়া ইউনিভার্সিটি, সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি, অ্যাডামাস ইউনিভার্সিটি, জেআইএস ইউনিভার্সিটি। পশ্চিমবঙ্গ ছাড়া

..... এরপর ২ পাতায়

মুনাফার সঙ্গে ১৬তম বর্ষে পদার্পণ করল
কাজকেরিয়ার
পায়ে পায়ে পথ চলে ১৬তম বর্ষে পদার্পণ করল কাজকেরিয়ার। এই উপলক্ষে সকল পাঠক-পাঠিকা, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদের জানাই আন্তরিক শুভেচ্ছা। আপনাদের সহযোগিতাই আমাদের চলার পথের পাথেয়। আমরাও আপনাদের পাশে থাকার অঙ্গীকার করছি।

কেন্দ্রীয় বিভিন্ন মন্ত্রকে

১৮৫ অফিসার, ইঞ্জিনিয়ার পদে

কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি: অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, জুনিয়র টাইম স্কেল, অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার ও অ্যাসিস্ট্যান্ট কমিশনার পদে ১৮৫ জনকে নিচ্ছে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রকে। নিয়োগের জন্য প্রার্থীবাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন।

(ভ্যাকান্সি নং- 21121901225)

অ্যাসিস্ট্যান্ট কমিশনার (ক্রপস): মোট শূন্যপদ ২টি (অসং)। অ্যাগ্রিকালচারাল ইকনমিক্স/

..... এরপর ৭ পাতায়

সম্পাদকীয়

বর্ষ ১৬ • সংখ্যা ১

২৯ ডিসেম্বর, ২০২১ - ৪ জানুয়ারি, ২০২২

গঙ্গাসাগর মেলার জোর প্রস্তুতি

গঙ্গাসাগর মেলার প্রস্তুতি চলেছে জোরকদমে। করোনা আবহের কথা মাথায় রেখেই যাবতীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। দেশ ও বিদেশের বিভিন্ন প্রান্ত থেকে ভক্ত-দর্শনার্থী ও পর্যটকদের ভিড় হয় গঙ্গাসাগর মেলাকে কেন্দ্র করে। ভিনরাজ্য থেকেও সাধুসন্তদের আগমন ঘটে। নিরাপত্তার ওপর জোর দিয়ে গঙ্গাসাগর মেলার আয়োজনের পথে নামছে প্রশাসন। এই মেলার প্রস্তুতিতে নবান্নের শীর্ষ আমলাদের সঙ্গে বৈঠক করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সবকিছু সরজমিনে পর্যবেক্ষণ করতে গঙ্গাসাগরে পৌঁছলেন মুখ্যমন্ত্রী। কপিলমুনির আশ্রমে দিলেন পুজোও। মেলা চত্বরে কোভিড পরীক্ষা, চিকিৎসা সরঞ্জাম ও হাসপাতালেও বন্দোবস্ত রাখার কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী। মেলা শুরুর পূর্বে পরিকাঠামো আরও বিস্তৃত করার ওপর নজর দিয়েছে প্রশাসন। জানা গিয়েছে, গঙ্গাসাগরে ৬০০ বেডের কোভিড হাসপাতাল থাকছে। পাশাপাশি ১৩টি আরটিপিসিআর টেস্ট সেন্টারও রাখা হচ্ছে। এই সংখ্যা আরও বাড়বে বলে জানা যায়। ৩টি ওয়াটার অ্যাম্বুল্যান্স ও ২টি এয়ার অ্যাম্বুল্যান্স রাখা হচ্ছে গঙ্গাসাগর মেলা উপলক্ষ্যে। পাশাপাশি দূরত্ববিধি ও মাস্ক পড়ার বিষয়ে জোর দেওয়া হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে তীর্থযাত্রীদের মাস্ক বন্টন করারও কথা রয়েছে। প্রশাসনিকভাবে আরও জানা গিয়েছে, এই মেলায় আড়াই হাজার ভলেন্টিয়ার থাকবেন। সুরক্ষায় ৫১ কিমি দীর্ঘ ব্যারিকেট থাকবে। ১৮ থেকে ২২ ঘণ্টা ভেসেল চালানো যাবে। রেল কর্তৃপক্ষ মেলার দিনগুলিতে অতিরিক্ত ৭০টি ট্রেন চলাবে বলে জানিয়েছে। এই মেলা প্লাস্টিক বর্জিত পরিবেশ-বান্ধব করার বিষয়ে জোর দেওয়া হয়।

কাজকেরিয়ার

বিশেষ বিজ্ঞপ্তি

কাজকেরিয়ার বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনও সংস্থার বিজ্ঞাপন বা নিয়োগ বিজ্ঞপ্তি, আইনি সমস্যা সৃষ্টি করলে বা সেটির কারণে কারও আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে তার যাবতীয় দায়-দায়িত্ব বর্তাবে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরেই। এছাড়া কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন বা সাক্ষাৎকারের সময় টাকা চাওয়া হলে সাবধানতা অবলম্বন করা একান্ত প্রয়োজন এবং তা প্রদান করা সম্পূর্ণ যুক্তিসঙ্গত কিনা তাও খতিয়ে দেখে নেবেন। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে কাজকেরিয়ার বা এফেক্ট পাবলিকেশন তারজন্য কোনওভাবেই দায়ী থাকবে না।

— সম্পাদক

কাজকেরিয়ার

সম্পাদকীয় ও বিভাগীয় দপ্তর
এফেক্ট পাবলিকেশন্স,
ব্লক-সিএফ-১০৯,
সেক্টর-১, সল্টলেক সিটি,
কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল : ৯৪৩৪৯৭২২৬০
ফোন: (০৩৩) ২৩৩৪-৩৫৭৫

বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র
১১৭ অরবিন্দ সরণী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০০৬
ব্লক-সিএফ-১০৯,
সেক্টর-১, সল্টলেক সিটি,
কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল : ৯৪৩৪৯৭২২৬০

দিল্লি অফিস
মিঠি সদন, বি-৩৫২/১, গলি নং- ৯৩, সন্ত নগর, বুরারি, অ্যাপেক্স স্কুলের সন্নিকটে, নিউ দিল্লি-১১০০৮৪

—সম্পাদক—
প্রবীর মুখোপাধ্যায়
প্রযত্নে : কাজকেরিয়ার
ফোন : (০৩৩) ২৩৩৪-৩৫৭৫
মোবাইল : ৯৪৩৪৯৭২২৬০

Email: editorkaajcareer@gmail.com
Website: www.kaajcareer.in

পশ্চিমবঙ্গ জয়েন্ট

১ পাতার পর .....

অসম, ত্রিপুরা সহ অন্যান্য রাজ্যের প্রার্থীরাও আবেদন করতে পারবেন।

ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজির ক্ষেত্রে— ফিজিক্স, ম্যাথমেটিক্স সহ কেমিস্ট্রি/ বায়োটেকনোলজি/ বায়োলজি/ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার অ্যাপ্লিকেশন/ টেকনিক্যাল ভোকেশনাল মূল বিষয় হিসেবে নিয়ে ১০+২ পদ্ধতিতে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০) শতাংশ নম্বর নিয়ে এবং ওই তিনটির (থিয়োরি ও প্র্যাক্টিক্যাল) বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এছাড়া উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৩০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

ফার্মাসির ক্ষেত্রে— ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স/ বায়োলজি মূল বিষয় হিসেবে নিয়ে অন্তত ৪৫ শতাংশ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০) শতাংশ নম্বর সহ ১০+২ পদ্ধতিতে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই বিষয়গুলির প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এছাড়া উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৩০ শতাংশে নম্বর পেয়ে থাকতে হবে।

৫ বছরের আর্কিটেকচারের ক্ষেত্রে— মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওইসব বিষয়ের প্রতিটিতে অন্তত ৫০ শতাংশে নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এছাড়া প্রার্থীকে নিউদিল্লির কাউন্সিল অফ আর্কিটেকচার আয়োজিত ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার (এনএটিএ) পাশ করে থাকতে হবে।

মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে— কোনও স্বীকৃত বোর্ড থেকে অন্তত ৬০ শতাংশ নম্বর সহ ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বিষয় নিয়ে ১০+২ পদ্ধতিতে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই ৩টি বিষয়ের প্রতিটিতে অন্তত পাশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে মাধ্যমিক/ উচ্চমাধ্যমিক স্তরে ইংরিজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে— ফিজিক্স, ম্যাথমেটিক্স সহ কেমিস্ট্রি/ বায়োটেকনোলজি/ বায়োলজি/ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার অ্যাপ্লিকেশন/ টেকনিক্যাল ভোকেশনাল মূল বিষয় হিসেবে নিয়ে ১০+২ [illegible] উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০) শতাংশ নম্বর নিয়ে এবং ওই তিনটির (থিয়োরি ও প্র্যাক্টিক্যাল) বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এছাড়া উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৩০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এই কোর্সের ক্ষেত্রে বর্ণান্ধতা থাকলে আবেদন করবেন না।

বয়স হতে হবে ৩১-১২-২০২২ তারিখের হিসেবে অন্তত ১৭ বছর। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই। তবে মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্সে ভর্তির ক্ষেত্রে বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে।

ক্যালকাটার ইউনিভার্সিটি: **জুট ও ফাইবার টেকনোলজি ছাড়া বাকি কোর্সগুলির ক্ষেত্রে**— মোট অন্তত ৬০ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫) শতাংশ নম্বর সহ ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি মূল বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই ৩টি বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকলে এবং ইংরিজিতে অন্তত ৩০ শতাংশে নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। **জুট ও ফাইবার টেকনোলজির ক্ষেত্রে**— মোট অন্তত ৬০ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫) শতাংশ নম্বর সহ ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি/ বায়োটেকনোলজি/ বায়োলজি মূল বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই ৩টি বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকলে এবং ইংরিজিতে অন্তত ৩০ শতাংশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

যাদবপুর ইউনিভার্সিটি: **ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি ও ফার্মাসির ক্ষেত্রে**— মোট অন্তত ৬০ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫) শতাংশ নম্বর সহ ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স মূল বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা প্রতিটি বিষয়ের পাশ নম্বর পেয়ে থাকলে এবং ম্যাথমেটিক্সে অন্তত ৬০ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫) শতাংশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে ইংরিজিতে অন্তত ৩০ শতাংশে নম্বর পেয়ে থাকতে হবে। **আর্কিটেকচারের ক্ষেত্রে**— মোট অন্তত ৫০ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩৭) শতাংশে নম্বর সহ ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স মূল বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই ৩টি বিষয়ের প্রতিটিতে অন্তত ৫০ (তফশিলি, ওবিসি ও শারীরিক [illegible] নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে প্রার্থীকে ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচারে (এনএটিএ) পাশ করে থাকতে হবে।

ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্স (ডেয়ার টেকনোলজির বি টেক)/ বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় (অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের বি টেক)-এর ক্ষেত্রে— মোট অন্তত ৫০ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০) শতাংশ নম্বর সহ ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স এবং ইংরিজি মূল বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই ৪টি বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

নেওটিয়া ইউনিভার্সিটি: **মেরিন ইঞ্জিনিয়ারিংয়ে বি টেক কোর্সের ক্ষেত্রে**— মোট অন্তত ৬০ শতাংশে নম্বর সহ ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি মূল বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ইংরিজিতে অন্তত ৫০ শতাংশে নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। **বি ফার্মা কোর্সের ক্ষেত্রে**— মোট অন্তত ৬০ শতাংশে নম্বর সহ ম্যাথমেটিক্স, ফিজিক্স এবং কেমিস্ট্রি/ বায়োলজি মূল বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। **অন্যান্য ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চের বি টেক কোর্সের ক্ষেত্রে**— মোট অন্তত ৬০ শতাংশে নম্বর সহ ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি/ বায়োটেকনোলজি/ বায়োলজি/ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার অ্যাপ্লিকেশন-এর যে কোনও একটি মূল বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন।

আলিয়া ইউনিভার্সিটি: মোট অন্তত ৬০ শতাংশে নম্বর সহ ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই ৩টি বিষয় মিলিয়ে অন্তত ১০০ নম্বর পেয়ে থাকলে এবং ৩টির প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটি: **কম্পিউটার সায়েন্স অ্যান্ড বিজনেস সিস্টেম (টিসিএস-ইডাস্ট্রি ইন্টিগ্রেটেডের) ক্ষেত্রে**— মোট অন্তত ৬০ শতাংশে নম্বর সহ ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সের উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই ৩টির প্রতিটিতে অন্তত ৬০ শতাংশে নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বি আর্ক কোর্সের ক্ষেত্রে— মোট অন্তত ৫০ শতাংশে নম্বর সহ উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স মূল বিষয় হিসেবে নিয়ে ও ওইগুলিতে মোট অন্তত ৫০ শতাংশে নম্বর পেয়ে [illegible]

পশ্চিমবঙ্গ জয়েন্ট

২ পাতার পর .....

উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই ৩টির প্রতিটিতে অন্তত পাশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে পাশ নম্বর নিয়ে ইংরিজিতে পাশ করে থাকতে হবে। এছাড়া প্রার্থীকে ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার (এনএটিএ) পাশ করে থাকতে হবে।

অ্যাডামাস ইউনিভার্সিটি: **স্কুল অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির ক্ষেত্রে**— মোট অন্তত ৬০ শতাংশ নম্বর সহ ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি/ বায়োটেকনালজি/ বায়োলজি/ টেকনিক্যাল ভোকেশনাল বিষয়ের উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা ওই ৩টির প্রতিটি বিষয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। **স্কুল অফ মেডিক্যাল সায়েন্স (ফার্মাসি কোর্সের) ক্ষেত্রে**— শিক্ষাগত যোগ্যতার পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে পাশ করে থাকলে আবেদন করতে পারেন।

জেআইসি ইউনিভার্সিটি: **বি টেক কোর্সের ক্ষেত্রে**— মোট অন্তত ৬০ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫) শতাংশ নম্বর সহ উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা অন্তত ৬০ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫) শতাংশ নম্বর নিয়ে মূল বিষয় হিসেবে ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি/ বায়োটেকনোলজি/ বায়োলজি/ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার অ্যাপ্লিকেশন/ টেকনিক্যাল ভোকেশনাল নিয়ে পড়ে থাকলে এবং ওই ৩টির প্রতিটিতে অন্তত পাশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে ইংরিজিতে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **বি ফার্মা কোর্সের ক্ষেত্রে**— মোট অন্তত ৬০ শতাংশ নম্বর সহ ৬০ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের

..... এরপর ৮ পাতায়

২৫ অফিসার

১ পাতার পর .....

অথবা এমসিএ ডিগ্রিধারীরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই।

ম্যানেজার (ডিজিটাল): শূন্যপদ ১টি (অসং)। বি ই/ কম্পিউটার সায়েন্সের বিএসসি অথবা এমসিএ ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট কাজে দক্ষ হতে হবে।

ম্যানেজার- ডেটা সায়েন্টিস্ট: শূন্যপদ ২টি (অসং)। ম্যানেজার-(অসং ১, তঃউঃজাঃ ১)। কম্পিউটার সায়েন্স/ আইটি/ ডেটা সায়েন্স/ মেশিন লার্নিং অ্যান্ড এআই-এর বি ই/ এম টেক/ এমসিএ ডিগ্রিধারীরা গ্র্যাজুয়েশন স্তরে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকা চাই।

ম্যানেজার- স্ট্যাটিস্টিয়ান: শূন্যপদ ২টি (অসং ১, তঃজাঃ ১)। অন্তত ৬০ শতাংশ নম্বর সহ স্ট্যাটিস্টিক্স/ ডেটা অ্যানালিটিক্সের পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

ম্যানেজার- ডেটাবেস অ্যাডমিনিস্ট্রেটর: শূন্যপদ ১টি (ওবিসি)। কম্পিউটার সায়েন্স/ আইটি/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা বা এমবিএ বা আইটি/ কম্পিউটার সায়েন্সের এমএসসি ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই।

সিনিয়র ম্যানেজার (ইকনোমিস্ট): শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। ইকনোমিক্স/ বিজনেস ইকনোমিক্সের পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা অথবা ফিনান্সের এমবিএ ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। কম্পিউটারের জ্ঞান থাকা আবশ্যিক। ইকনোমিক্সের এম ফিল বা পিএইচডি ডিগ্রিধারী হলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে ধরা হবে। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাক চাই।

ম্যানেজার (ইকনোমিস্ট): শূন্যপদ ২টি (অসং ১, তঃজাঃ ১)। ইকনোমিক্স/ বিজনেস ইকনোমিক্সের পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা অথবা ফিনান্সের এমবিএ ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই।

সিনিয়র ম্যানেজার (ইন্ডাস্ট্রি রিসার্চ): শূন্যপদ ২টি (অসং ১, তঃজাঃ ১)। ইকনোমিক্সের এমএ ডিগ্রিধারীরা অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

ম্যানেজার (ইন্ডাস্ট্রি রিসার্চ): শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। ইকনোমিক্সের এমএ ডিগ্রিধারীরা অন্তত ২-৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

সিনিয়র ম্যানেজার (এপিআই): শূন্যপদ ২টি (অসং)। বি ই/ কম্পিউটার সায়েন্সের বিএসসি বা এমবিএ ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে ২-৫ বছরের অভিজ্ঞতা থাক চাই।

ম্যানেজার (এপিআই): শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। বি ই বা ইঞ্জিনিয়ারিংয়ের এমসিএ ডিগ্রিধারীরা সিআইএসএম/ সিআইএসএসপি/ সিএসএসএলপি সার্টিফিকেটধারী হতে হবে। সঙ্গে অভিজ্ঞতা থাকা চাই।

সিনিয়র ম্যানেজার (ডিজিটাল লিডিং অ্যান্ড ফিন-টেক): শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। বি ই/ মার্কেটিংয়ের এমবিএ ডিগ্রিধারীরা ৪-৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

ম্যানেজার (ডিজিটাল লিডিং অ্যান্ড ফিন-টেক): শূন্যপদ ২টি (অসং ১, আর্থিকভাবে দুর্বল ১)। বি ই/ মার্কেটিংয়ের এমবিএ ডিগ্রিধারীরা ২-৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

বয়স হতে হবে ১-১২-২০২১ তারিখের হিসেবে সিনিয়র ম্যানেজার পদের ক্ষেত্রে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে এবং ম্যানেজার পদের ক্ষেত্রে ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

দরখাস্তের ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। ইন্টারভিউয়ের কলেটার প্রার্থীর ইমেল বা ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিতে হবে।

আবেদন করবেন অনলাইনে www.unionbankofindia.co.in ওয়েবসাইটের মাধ্যমে, ৭ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগের নিজের সম্পূর্ণ বায়োডেটা, বয়স, যাবতীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, ক্যাস্ট ইত্যাদি প্রমাণপত্র স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ৮০০ (তফশিলি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৫০) টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এক্ষেত্রে অতিরিক্ত ফি প্রার্থীকেই বহন করতে হবে। ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

৩৪ এলডিএ

১ পাতার পর .....

পড়ে থাকতে হবে। পশ্চিমবঙ্গ ছাড়া ত্রিপুরা, অসম সহ অন্যান্য রাজ্যের তাঁদের সাধারণ প্রার্থী হিসেবে অসংরক্ষিত পদে আবেদন করতে হবে।

(পোস্ট কোড- ২১৫০০১) লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট: মোট শূন্যপদ ১১টি (অসং)। অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে কমার্সের (অনার্স) গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রিধারী হলে ভাল। থোক মাইনে মাসে ২৬,৬০৫ টাকা। নিয়োগ হবে কলকাতা পুলিশ কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

(পোস্ট কোড- ২১৫০০২) অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-থ্রি): মোট শূন্যপদ ৬টি (অসং ৪, তঃজাঃ ১, ওবিসি-বি ১)। যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। থোক মাইনে মাসে ২৯,৫৪৪ টাকা। নিয়োগ হবে দুর্গাপুর স্টিল পিউপলস কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

ফিল্ড সুপারভাইজর/ অফিস অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-থ্রি): মোট শূন্যপদ ২টি (অসং ১, তঃজাঃ ১)। যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। শুরুতে ৩ বছরের জন্য পারিশ্রমিক মাসে ২০,০০০ টাকা। এরপর থোক মাইনে মাসে ২৬,৯৭১ টাকা। নিয়োগ হবে বর্ধমান কো-অপারেটিভ অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

অফিস অ্যাসিস্ট্যান্ট: মোট শূন্যপদ ৩টি (অসং ২, তঃজাঃ ১)। মার্কেটিং প্রোকিওরমেন্ট অ্যাসিস্ট্যান্ট: মোট শূন্যপদ ২টি (অসং ১, তঃজাঃ ১)। টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট: মোট শূন্যপদ ২টি (অসং)। যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। থোক মাইনে মাসে ২৬,৬০৫ টাকা। নিয়োগ হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে (তন্তুজ)।

কম্পিউটার/ ক্যাশ ক্লার্ক: মোট শূন্যপদ ২টি (অসং)। যে কোনও শাখার গ্র্যাজুয়েট/ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। থোক মাইনে মাসে ২৫,৭৬০ টাকা। নিয়োগ হবে নবগ্রাম পিউপলস কো-অপারেটিভ ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেডে।

গ্রেড-থ্রি: মোট শূন্যপদ ৩টি (তঃজাঃ ২, ওবিসি-বি ১)। যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। থোক মাইনে মাসে ২৫,৭২৯ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা। নিয়োগ হবে বাঁকুড়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

সুপারভাইজর: মোট শূন্যপদ ৩টি (অসং)। যে কোনও শাখার বিশিষ্ট গাড়ি চালানোয় দক্ষ হলে আবেদন করতে পারেন। থোক মাইনে মাসে ১৬,৪০০ টাকা। নিয়োগ হবে আরামবাগ কো-অপারেটিভ অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

সবক্ষেত্রেই প্রার্থীর কম্পিউটারের বেসিক জ্ঞান থাকা চাই। তবে যাঁরা শিক্ষাগত যোগ্যতা/ পেশাগত যোগ্যতার মাধ্যমে অন্তত ৬ মাসের কম্পিউটার কোর্স পাশ করেছেন তাঁদের ক্ষেত্রে কম্পিউটারের বেসিক জ্ঞানের সার্টিফিকেট আলাদাভাবে দাখিল করতে হবে না।

বয়স হতে হবে ১-১-২০২১ তারিখের হিসেবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তফশিলিরা এবং ওবিসিরা ৫ বছর বয়সের ছাড় পাবেন।

প্রার্থীবাছাই হবে দুটি স্টেজে পরীক্ষা, ইন্টারভিউ, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। পোস্ট কোড-২১৫০০১ পদের ক্ষেত্রে প্রথম স্টেজে থাকবে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, টেস্ট অফ রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ, বেঙ্গলি ও অ্যাকাউন্ট্যান্সি বিষয়ের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। পোস্ট কোড-২১৫০০২ পদে ক্ষেত্রে থাকবে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, টেস্ট অফ রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ, বেঙ্গলি বিষয়ের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৪টি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। এরপর হবে ১৫ নম্বরের ইন্টারভিউ। ইন্টারভিউয়ে সফল প্রার্থীদের দ্বিতীয় স্টেজে হবে ৫০ নম্বরের বেসিক কম্পিউটার নলেজ প্র্যাক্টিক্যাল টেস্ট। নথিপত্র যাচাইয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন। পরীক্ষা কেন্দ্রে যাওয়ার সময় সঙ্গে নেবেন বৈধ কলেটার/ অ্যাডমিট কার্ড ও কোনও সচিত্র পরিচয়পত্র ও তার জেরক্স। পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা অ্যাডমিট কার্ড/ কলেটারে জানতে পারবেন।

আবেদন করবেন অনলাইনে www.webcsc.org ওয়েবসাইটের মাধ্যমে, ২১ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, কালো কালি দিয়ে করা সই, বাম হাতের বুড়ো আঙুলের ছাপ, বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট/ অ্যাডমিট, যাবতীয় শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, কম্পিউটার নলেজ

@bettersolution4u

৩৪ এলডিএ

৩ পাতার পর .....

সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। আবেদনের ফি বাবদ দিতে হবে ৬৫০ (পশ্চিমবঙ্গের তফশিলিদের ক্ষেত্রে ২৫০) টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এক্ষেত্রে অতিরিক্ত সার্ভিস চার্জ ও জিএসটি প্রার্থীকেই বহন করতে হবে। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 05/2021। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

কেন্দ্রীয় বাহিনীতে ৪০০

১ পাতার পর .....

পুরুষদের জন্য)।

শিক্ষাগত যোগ্যতা -- আর্মি উইং -এর ক্ষেত্রে স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয় থেকে ১০+২ প্যাটার্ণে উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ হতে হবে। এয়ার ফোর্স এবং ন্যাভাল উইংয়ের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ স্টেট এডুকেশন বোর্ড থেকে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স সহ ১০+২ প্যাটার্ণে উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ হতে হবে।

বয়স এবং উচ্চতার হিসেবে ওজন, দৃষ্টিশক্তি, মেডিক্যাল স্ট্যান্ডার্ড, মেডিক্যাল এক্সামিনেশন, ফিজিক্যাল স্ট্যান্ডার্ড ইত্যাদি বিষয়ে বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে।

প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা এবং এসএসবি টেস্ট/ ইন্টারভিউয়ের মাধ্যমে। ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির আর্মি, নেভি এবং এয়ার ফোর্স উইংয়ের জন্য ১৪৯তম কোর্সে এবং ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমির ১১১তম কোর্সে ভর্তির জন্য পরীক্ষা হবে ২০২২-এর ১০ এপ্রিল। তবে প্রয়োজনে তারিখ বদলাতে পারে। পরীক্ষা হবে কলকাতা, আগরতলা, জোরহাট, দিশপুর, পাটনা, কালিকট, পোর্ট ব্লেয়ার-সহ সারা দেশে মোট ৭৫টি কেন্দ্রে।

৯০০ নম্বরের পরীক্ষা হবে ম্যাথমেটিক্স (৩০০ নম্বর) এবং জেনারেল এবিলিটি টেস্ট (৬০০ নম্বর) বিষয়ে। প্রতিটি বিষয়ে উত্তরের লিখিত পরীক্ষায় সফল প্রার্থীরা তাঁদের এসএসবি সেন্টার এবং ইন্টারভিউয়ের তারিখ সম্পর্কে জানতে পারবেন www.joinindianarmy.nic.in, www.joinindiannavy.gov.in, www.careerindianairforce.cdac.in ওয়েবসাইট থেকে।

পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড নীচে বলা ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৩ সপ্তাহ আগে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ও চালু ই-মেল আইডি থাকা চাই। অ্যাডমিট কার্ড ডাকে পাঠানো হবে না। পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপ। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা হবে ওএমআর শীটে। পরীক্ষা দিতে হবে কালো কালির বল পেন দিয়ে। পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন বা কোনও ইলেক্ট্রনিক ইক্যুপমেন্ট নিয়ে যাওয়া যাবে না।

প্রার্থীদের জন্ম হতে হবে ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৬ তারিখের মধ্যে। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। তবে তফশিলি/ মহিলা/ জেসিও বা এনসিও বা ওআর -এর সন্তানদের এই ফি দিতে হবে না। ফি দেবেন রুপে ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ ভিসা/ মাস্টার কার্ড -এর মাধ্যমে, ১১ জানুয়ারির মধ্যে অথবা প্রিন্ট নেওয়া পে-ইন-স্লিপের মাধ্যমে নগদে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায়, ১০ জানুয়ারির মধ্যে।

পরীক্ষার জন্য দরখাস্ত করবেন অনলাইনে www.upsconline.nic.in ওয়েবসাইটের মাধ্যমে, ১১ জানুয়ারি, ২০২২, সন্ধে ৬টার মধ্যে। দরখাস্ত পূরণের পদ্ধতি বিস্তারিতভাবে পাবেন ওপরে বলা ওয়েবসাইটে। দরখাস্ত পূরণের সময় আধার কার্ড/ ভোটার কার্ড/ প্যান কার্ড/ পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স/ স্কুল ফটো আইডি কিংবা কেন্দ্র/ রাজ্য সরকার প্রদত্ত অন্যকোনও সচিত্র পরিচয়পত্রের সম্পূর্ণ তথ্যের প্রয়োজন হবে।

পরীক্ষায় বসতে না চাইলে দরখাস্ত প্রত্যাহার করতে পারবেন ১৮ থেকে ২৪ জানুয়ারি সন্ধে ৬টা পর্যন্ত। পদ্ধতি পাবেন পিডিএফে। ওটিপি পাবেন ২৪ জানুয়ারি, বিকেল সাড়ে ৫টা পর্যন্ত। আরও অনেক বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে। বিজ্ঞপ্তি নং 3/2022-NDA-I, তারিখ ২২-১২-২০২১।

অ্যাপ্লিকেশন, ক্যান্ডিডেচার ইত্যাদি সম্পর্কে জানতে "সি" গেটের কাছে ফেসিলিটেশন কাউন্টারে খোঁজ নিতে পারেন অথবা যে কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে:- 011-23385271/011-

ইন্ডিয়ান নেভি, আর্মি

১ পাতার পর .....

অ্যাকাডেমিতে ১১৭তম এসএসসি (মেন) (নন-টেকনিক্যাল) কোর্স শুরু হবে ২০২৩ -এর এপ্রিলে, আসন ১৭০টি এবং (৫) চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ৩১তম এসএসসি (উইমেন) (নন-টেকনিক্যাল) কোর্স শুরু হবে ২০২৩ -এর এপ্রিলে, আসন ১৭টি।

ইউ পি এস সি আয়োজিত কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস (সিডিএস-১) পরীক্ষা হবে ২০২২-এর ১০ এপ্রিল। কলকাতা, আগরতলা, জোরহাট, দিশপুর, পাটনা, কালিকট, পোর্ট ব্লেয়ার-সহ সারা দেশে মোট ৭৫টি কেন্দ্রে।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি এবং এয়ারফোর্স অ্যাকাডেমি -র ক্ষেত্রে ইংরিজি, জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স বিষয়ে পরীক্ষা হবে। প্রতি বিষয়ে ১০০ নম্বর এবং প্রতিটি বিষয়ের উত্তর দেওয়ার জন্য সময় পাবেন ২ ঘণ্টা করে। অন্যদিকে, অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি -র ক্ষেত্রে ইংলিশ এবং জেনারেল নলেজ বিষয়ে পরীক্ষা হবে। প্রতি বিষয়ে ১০০ নম্বর এবং প্রতিটি বিষয়ের উত্তর দেওয়ার জন্য সময় পাবেন ২ ঘণ্টা করে। ৪ দিন ধের পরীক্ষা চলে। পরীক্ষার বিস্তারিত তথ্য পাবেন www.joinindianarmy.nic.in ওয়েবসাইটে।

শিক্ষাগত যোগ্যতা -- ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি এবং অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি-র ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা ডিগ্রিধারী/ সমতুল পাশ হতে হবে। ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি-র ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে পাশ করা ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে। এয়ারফোর্স অ্যাকাডেমি-র ক্ষেত্রে ফিজিক্স এবং ম্যাথমেটিক্স সহ অন্যান্য বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীদের স্বীকৃত ডিগ্রিধারী অথবা ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলর ডিগ্রিধারী হতে হবে।

বয়স এবং উচ্চতার হিসেবে ওজন, দৃষ্টিশক্তি, বর্ণান্ধতা, মেডিক্যাল স্ট্যান্ডার্ড, মেডিক্যাল এক্সামিনেশন, অফিসার্স এন্ট্রির ক্ষেত্রে ফিজিক্যাল স্ট্যান্ডার্ড ইত্যাদি বিষয়ে বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে।

প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা এবং এসএসবি টেস্ট/ ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৩ সপ্তাহ আগে। পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপ। নেগেটিভ মার্কিং পরীক্ষা দিতে হবে কালো কালির বল পেন দিয়ে। পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন বা কোনও ইলেক্ট্রনিক ইক্যুপমেন্ট নিয়ে যাওয়া যাবে না।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি (আই এম এ) এবং ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি -র ক্ষেত্রে অবিবাহিত পুরুষ প্রার্থীদের জন্ম হতে হবে ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৪ তারিখের মধ্যে। এয়ার ফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে ১-১-২০২৩ তারিখের হিসেবে বয়স হতে হবে ২০ থেকে ২৪ বছরের মধ্যে। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে (পুরুষদের এসএসসি কোর্স) -এর ক্ষেত্রে প্রার্থীদের জন্ম হতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৪ তারিখের মধ্যে।

প্রি এক্সামিনেশন ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। তবে তফশিলি ও মহিলা প্রার্থীদের এই ফি দিতে হবে না। ফি দেবেন ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ নেটব্যাঙ্কিং -এর মাধ্যমে অথবা চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানের মাধ্যমে।

পরীক্ষার জন্য দরখাস্ত করবেন অনলাইনে www.upsconline.nic.in ওয়েবসাইটের মাধ্যমে, ১১ জানুয়ারি, ২০২২, সন্ধে ৬টার মধ্যে। দরখাস্ত প্রত্যাহার করার সুযোগ আছে। দরখাস্ত প্রত্যাহার করতে পারবেন ১৮ থেকে ২৪ জানুয়ারি, সন্ধে ৬টা পর্যন্ত। ওটিপি পাবেন ২৪ জানুয়ারি, বিকেল সাড়ে ৫টা পর্যন্ত। আরও অনেক বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে। বিজ্ঞপ্তি নং 4/2022.CDS-I, তারিখ ২২-১২-২০২১।

অ্যাপ্লিকেশন, ক্যান্ডিডেচার ইত্যাদি সম্পর্কে জানতে "সি" গেটের কাছে ফেসিলিটেশন কাউন্টারে খোঁজ নিতে পারেন অথবা যে কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে:- 011-23385271/011-23385271/011-23381125/011-23098543।

কয়েক হাজার

১ পাতার পর .....

মধ্যে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (এএফএইচকিউ), বয়স ২০ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অফ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট (অন্যান্য মিনিস্ট্রি/ ডিপার্টমেন্ট/ অর্গানাইজেশন), বয়স ২০ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (অন্যান্য মিনিস্ট্রি/ ডিপার্টমেন্ট/ অর্গানাইজেশন), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ইনস্পেক্টর অফ ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ইনস্পেক্টর (সিজিএসটি অ্যান্ড সেন্ট্রাল এক্সাইজ) (সিবিআইসি), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ইনস্পেক্টর (প্রিভেন্টিভ অফিসার) (সিবিআইসি), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ইনস্পেক্টর (এক্সামিনার) (সিবিআইসি), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার (ডিরেক্টরেট অফ এনফোর্সমেন্ট, ডিপার্টমেন্ট অফ রেভিনিউ), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। সাব ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ইনস্পেক্টর পোস্টস (ডিপার্টমেন্ট অফ পোস্টস), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অফ নার্কোটিক্স), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট/ সুপারিন্টেন্ডেন্ট (ইন্ডিয়ান কোস্ট গার্ড), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট (অন্যান্য মিনিস্ট্রি/ ডিপার্টমেন্ট/ অর্গানাইজেশন), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট (ন্যাশনাল কোম্পানি ল অ্যাপিলেট ট্রাইবুনাল), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে রিসার্চ অ্যাসিস্ট্যান্ট (ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট (সি অ্যান্ড এজি অফিসের অধীনে), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। সাব ইনস্পেক্টর (ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি), বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (মিনিস্ট্রি অফ স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন), বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-২ (রেজিস্ট্রার জেনারেল অফ ইন্ডিয়া)। বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। **গ্রুপ-সি পদগুলি হল—** অডিটর (সি অ্যান্ড এজি অফিসের অধীনে), বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। অডিটর (অন্যান্য মিনিস্ট্রি/ ডিপার্টমেন্ট), বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। অডিটর (সিজিডিএ অফিসের অধীনে), বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। অ্যাকাউন্ট্যান্ট (সি অ্যান্ড এজি অফিসের অধীনে), বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। অ্যাকাউন্ট্যান্ট/ জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট (অন্যান্য মিনিস্ট্রি/ ডিপার্টমেন্ট), বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট/ আপার ডিভিশন ক্লার্ক (মিনিস্ট্রি অফ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি), বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট/ আপার ডিভিশন ক্লার্ক (কেন্দ্রীয়

কয়েক হাজার

৪ পাতার পর .....

সরকারি অফিস/ মন্ত্রক ও অন্যান্য সিএসসিএস ক্যাডার), বয়স* ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সিবিডিটি), বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সিবিআইসি), বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। সাব ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অফ নার্কোটিক্স), বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার/ অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে— যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট/ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট/ কোম্পানি সেক্রেটারি অথবা কমার্স/ বিজনেস স্টাডিজ/ বিজনেস অ্যাডমিনিস্ট্রেটর (ফিনান্স)/ বিজনেস ইকনোমিক্সের মাস্টার ডিগ্রিধারী হলে ভাল। এই পদের ক্ষেত্রে প্রবেশন চলাকালীন প্রার্থীকে সাবঅর্ডিনেট অডিট/ অ্যাকাউন্টস সার্ভিস এক্সামিনেশন পাশ করতে হবে।

জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে— যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা উচ্চমাধ্যমিক স্তরে ম্যাথমেটিক্সে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকলে অথবা যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রিধারীরা গ্র্যাজুয়েশন স্তরে স্ট্যাটিস্টিক্স একটি বিষয় নিয়ে পড়ে থাকলে আবেদন করতে পারেন।

স্ট্যাস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-২ পদের ক্ষেত্রে— যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রিধারীরা ৩ বছরের গ্র্যাজুয়েশন স্তরের ৬টি সেমিস্টারে স্ট্যাটিস্টিক্স একটি বিষয় নিয়ে পড়ে থাকলে আবেদন করতে পারেন।

অ্যাসিস্ট্যান্ট ইন ন্যাশনাল কোম্পানি ল অ্যাপিলেট ট্রাইবুনাল পদের ক্ষেত্রে— যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। আইনের ডিগ্রিধারী হলে ভাল।

রিসার্চ অ্যাসিস্ট্যান্ট ইন ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন পদের ক্ষেত্রে— যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। ল/ হিউম্যান রাইটসের ডিগ্রিধারীরা রিসার্চের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভাল।

বাকি সব পদের ক্ষেত্রে— যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

সবক্ষেত্রেই বয়সের হিসেবে করতে হবে ১-১-২০২২ তারিখের হিসেবে। যাঁদের বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে, তাঁদের ক্ষেত্রে জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯২ থেকে ১-১-২০০৪-এর মধ্যে। যাঁদের বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে, তাঁদের ক্ষেত্রে জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯০ থেকে ১-১-২০০৪-এর মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। এছাড়া বিধবা/ বিবাহবিচ্ছিন্না/ আইনত পতিসঙ্গহীনা মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে ৩৫ (তফশিলি হলে ৪০) বছর বয়স পর্যন্ত আবেদনের সুযোগ পাবেন। সবক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতা সম্পূর্ণ হতে হবে ২৩ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে। চূড়ান্ত বর্ষের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

শারীরিক মাপজোক হতে হবে— ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ/ এগজামিনার/প্রিভেন্টিভ অফিসার) পদের ক্ষেত্রে। পুরুষ প্রার্থীদের উচ্চতা হতে হবে অন্তত ১৫৭.৫ সেমি। বুকের ছাতি ৮১ সেমি এবং ৫ সেমি পর্যন্ত ফোলাতে পারতে হবে। গাড়োয়ালি, অসমিয়া, গোর্খা এবং তপশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতায় ৫ সেমি পর্যন্ত ছাড় দেওয়া হবে। মহিলা প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেমি এবং ওজন ৪৮ কেজি। গাড়োয়ালি, অসমিয়া, গোর্খা এবং তপশিলি উপজাতি প্রার্থীরা উচ্চতা এবং ওজনে যথাক্রমে ২.৫ সেমি এবং ২ কেজি ছাড় পাবেন। ফিজিক্যাল টেস্টে পুরুষ প্রার্থীদের ১৫ মিনিটে ১৬০০ মিটার হাঁটতে হবে এবং ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং করতে হবে। মহিলা প্রার্থীদের ২০ মিনিটে ১ কিলোমিটার হাঁটতে হবে। ২৫ মিনিটে ৩ কিলোমিটার সাইক্লিং করতে হবে।

সাব ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশন) পদের ক্ষেত্রে পুরুষ প্রার্থীদের উচ্চতা হতে হবে অন্তত ১৬৫ সেন্টিমিটার, পুরুষ প্রার্থীদের বুকের ছাতি ৭৬ সেন্টিমিটার। মহিলা প্রার্থীদের উচ্চতা হতে হবে ১৫০ সেন্টিমিটার। পার্বত্য অঞ্চল ও উপজাতিভুক্ত পুরুষ ও মহিলারা উচ্চতার ক্ষেত্রে ৫ সেন্টিমিটার পর্যন্ত ছাড় পাবেন। দৃষ্টিশক্তি: চশমা পরে বা চশমা ছাড়া দূরের দৃষ্টি একচোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের দৃষ্টি এক চোখে ০.৬ এবং অন্যচোখে ০.৮।

সাব-ইনস্পেক্টর ন্যাশনাল ক্ষেত্রে পুরুষ প্রার্থীদের উচ্চতা ১৭০ সেন্টিমিটার, বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা সহ ৭৬ সেন্টিমিটার। মহিলা প্রার্থীদের উচ্চতা দরকার ১৫০ সেন্টিমিটার। পার্বত্য অঞ্চল ও উপজাতিভুক্ত পুরুষ ও মহিলা প্রার্থীরা উচ্চতার ক্ষেত্রে ৫ সেন্টিমিটার ছাড় পাবেন। চশমা সহ ও চশমা ছাড়া দূরের দৃষ্টি হতে হবে একচোখে ৬/৬ এবং অন্যচোখে ৬/৯। কাছের দৃষ্টি একচোখে ০.৬ এবং অন্য চোখে ০.৮।

প্রার্থীবাছাই হবে ৪টি টিয়ারের পরীক্ষার মাধ্যমে। প্রথম ও দ্বিতীয় টিয়ারে থাকবে কম্পিউটার বেসড পরীক্ষা, তৃতীয় টিয়ারে থাকবে পেন ও পেপার বেসড পরীক্ষা এবং চতুর্থ টিয়ারে থাকবে স্কিল টেস্ট। কম্পিউটার বেসড পরীক্ষার প্রথম টিয়ারে থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং বিষয়ের ২৫টি প্রশ্ন, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের ২৫টি প্রশ্ন, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড বিষয়ের ২৫টি প্রশ্ন, এবং ৫০ নম্বরের ইংলিশ কম্প্রিহেনশন বিষয়ের ২৫টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। দ্বিতীয় টিয়ারে থাকবে ৪টি পেপার। ২০০ নম্বরের প্রথম পেপারে থাকবে কোয়ান্টিটেটিভ এবিলিটি বিষয়ের ১০০টি প্রশ্ন, ২০০ নম্বরের দ্বিতীয় পেপারে থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ের ২০০টি প্রশ্ন, ২০০ নম্বরের তৃতীয় পেপারে থাকবে স্ট্যাটিস্টিক্স বিষয়ের ১০০টি প্রশ্ন, ২০০ নম্বরের চতুর্থ পেপারে থাকবে জেনারেল স্টাডিজ (ফিনান্স অ্যান্ড ইকনোমিক্স) বিষয়ের ১০০টি প্রশ্ন। প্রতি পেপারে উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা করে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য দ্বিতীয় পেপারে ০.২৫ নম্বর এবং বাকি পেপারগুলিতে ০.৫০ নম্বর কাটা যাবে। তৃতীয় টিয়ারে পেন ও পেপার মোড পরীক্ষায় থাকবে ১০০ নম্বরের ইংলিশ/ হিন্দি (এসে/ প্রেসি/ লেটার/ অ্যাপ্লিকেশন ইত্যাদি রাইটিং) বিষয়ের ডেস্ক্রিপটিভ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ১ ঘণ্টা। এতে সফলদের চতুর্থ টিয়ারে হবে কম্পিউটার প্রফিসিয়েন্সি টেস্ট এবং ডেটা এন্ট্রি স্পিড টেস্ট। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট/ ইউডিসি/ এসএসএ পদের ক্ষেত্রে স্কিল টেস্টে ৮ হাজার কি ডিপ্রেশনের গতিতে ডেটা এন্ট্রি স্পিড টেস্ট হবে। ডেটা এন্ট্রি অপারেটর পদের ক্ষেত্রে স্কিল টেস্টে ২ হাজার কি ডিপ্রেশনের গতিতে ১৫ মিনিট ধরে টাইপ করে হবে। পরীক্ষা কেন্দ্রে ২ কপি পাসপোর্ট মাপের ছবি সহ নিয়ে যাবেন। টিয়ার-১ পরীক্ষা হবে এপ্রিল মাস নাগাদ। বাকি পরীক্ষার দিনক্ষণ পরে জানিয়ে দেওয়া হবে। পরীক্ষা কেন্দ্রগুলি হল: ইস্টার্ন জোন— কলকাতা (কোড- ৪৪১০), আসানসোল (৪৪১৭), বলাগড়ী (৪৪১৯), শিলিগুড়ি (৪৪১৫), পোর্ট ব্লেয়ার (৪৮০২), বোকারো (৪২০১), হাজারিবাগ (৪২০৪), জামশেদপুর (৪২০৭), রাঁচি (৪২০৫), বালাসোর (ওড়িশা) (৪৬০১), বহরমপুর (ওড়িশা) (৪৬০২), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), ধেনকানাল (৪৬১১), রৌরকেলা (৪৬১০), সম্বলপুর (৪৬০৯), গ্যাংটক (৪০০১)। নর্থ-ইস্টার্ন জোন—ইটানগর (৫০০১), ডিব্রুগড় (৫১০২), গুয়াহাটি (দিশপুর) (৫১০৫), গোরুহাটি (৫১০৭), শিলচর (৫১১১), চুড়াচন্দ্রপুর (৫৫০২), ইম্ফল (৫৫০১), উখরুল (৫৫০৩), শিলং (৫৪০১), আইজল (৫৭০১), দিমাপুর (৫৬০১), কোহিমা (৫৬০২), আগরতলা (৫৬০১)। এছাড়া দেশে অন্যান্য রাজ্যেও পরীক্ষা কেন্দ্র আছে।

আবেদন করবেন অনলাইনে https://ssc.nic.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ২৩ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালি দিয়ে করা সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। প্রথমে ওপরে বলা ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড। এগুলি যত্ন করে লিখে রাখবেন। দরখাস্তে শিক্ষাগত যোগ্যতার কোড, পাশ করা বিষয়ের কোড, কাস্ট ইত্যাদির কোড লিখতে হবে স্টাফ সিলেকশন কমিশনের দেওয়া তালিকা অনুযায়ী, তালিকা পাওয়া যাবে কমিশনের ওয়েবসাইটেই। আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ভিম ইউপিআই, নেট ব্যাঙ্কিং, ভিসা, মাস্টার কার্ড, ম্যাস্ট্রো, রুপে ক্রেডিট/ ডেবিট কার্ডের মাধ্যমে, ২৫ জানুয়ারির মধ্যে। এছাড়া অফলাইনেও ডাউনলোড করা চালানের মাধ্যমে ২৭ জানুয়ারির মধ্যে ফি পেমেন্ট করতে পারবেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনও শাখায়। তবে চালান জেনারেট করতে হবে ২৬ জানুয়ারির মধ্যেই। মহিলা, তপশিলি জাতি, তপশিলি উপজাতি, শারীরিক প্রতিবন্ধী ও প্রাক্তন সেনাকর্মীদের আবেদনের ফি দিতে হবে না। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে

১৯৫ অধ্যাপক

১ পাতার পর .....

(অসং ১১, তয়জাঃ ৫, তয়উঃজাঃ ২, ওবিসি ৮, আর্থিকভাবে দুর্বল ৩)। অ্যাকাডেমিক পে ১,৬৮,৯০০ - ২,২০,৪০০ টাকা।

মেডিক্যাল ক্যান্ডিডেটদের - ১) প্রথম এবং দ্বিতীয় সিডিউল অথবা তৃতীয় সিডিউলের পার্ট-টু -এর অন্তর্গত মেডিক্যাল কোয়ালিফিকেশন থাকতে হবে। ২) সংশ্লিষ্ট বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোয়ালিফিকেশন থাকতে হবে। সঙ্গে শিক্ষকতা এবং/ অথবা রিসার্চের প্রয়োজনীয় অভিজ্ঞতা থাকতে হবে।

নন-মেডিক্যাল ক্যান্ডিডেটদের - ১) সংশ্লিষ্ট বিষয়ের পোস্ট গ্র্যাজুয়েট কোয়ালিফিকেশন থাকতে হবে। ২) ডক্টরেট ডিগ্রি থাকতে হবে। সঙ্গে শিক্ষকতা এবং/ অথবা রিসার্চের প্রয়োজনীয় অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাগত যোগ্যতার বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে। নন-মেডিক্যাল ক্যান্ডিডেটদের নিয়োগ হবে কেবলমাত্র অ্যানাটমি, বায়োকেমিস্ট্রি এবং ফিজিওলজি ডিপার্টমেন্টে।

সব পদের জন্য প্রার্থিবাছাই করবে স্ট্যান্ডিং সিলেকশন কমিটি। কোনও একটি ডিপার্টমেন্টে ৩০টি বা তার বেশি আবেদন জমা পড়লে সেক্ষেত্রে কর্তৃপক্ষ লিখিত পরীক্ষা নিতে পারেন। ইন্টারভিউয়ের সময় কোনও টিএ/ ডিএ পাবেন না।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ২,০০০ (তফশিলি হলে ১,০০০) টাকা। অবসরপ্রাপ্ত অধ্যাপকদের চুক্তি এবং ডেপুটেশনের ভিত্তিতে নিয়োগের ক্ষেত্রে কোনও দরখাস্তের ফি দিতে হবে না।

অনলাইন আবেদন রেজিস্ট্রেশন করবেন www.aiimsexams.ac.in এবং www.aiims.edu ওয়েবসাইটের মাধ্যমে, ১০ জানুয়ারি, ২০২২-এর মধ্যে। অনলাইন দরখাস্ত করে দরখাস্তের প্রিন্ট নিতে হবে। অনলাইন দরখাস্ত করার সময় শিক্ষা, বয়স ইত্যাদি প্রমাণপত্রগুলি, ছবি, সই ইত্যাদি আপলোড করতে হবে। ডেপুটেশনের ভিত্তিতে দরখাস্তগুলি প্রপার চ্যানেলের মাধ্যমে পাঠাতে হবে।

দরখাস্তের প্রিন্টআউট নিয়ে পাঠাবেন এই ঠিকানায়: Senior Administrative Officer, Recruitment Cell, 1st floor, Medical College Building AIIMS, Munshiganj, Dalmau Road, Raebareli, Uttar Pradesh Pin 229405. পৌঁছনো চাই ১০ জানুয়ারির মধ্যে। পাঠাবেন স্পীড পোস্ট/ রেজিস্টার্ড পোস্ট/

দেশদুনিয়ার হালহকিকৎ

৭ ডিসেম্বর

দুয়ারে সরকার থেকে ২টি নতুন কার্ড চালু করার কথা ঘোষণা করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জানুয়ারির ১ থেকে ১০ তারিখ ও ২০ থেকে ৩০ তারিখ পর্যন্ত দুয়ারে সরকার কর্মসূচি চলবে। সেখানে মৎস্যজীবী ও শৈল্পিক ভাতা নামে দুটি প্রকল্পের কার্ড দেওয়ার কাজ শুরু হবে। মৎস্যজীবী ও বিভিন্ন ধরনের হস্তশিল্পীদের জন্য এই কার্ড চালু হবে বলে জানা গিয়েছে।

❑ ভারত দরিদ্র ও চরম অ-সাম্যের দেশ। বিশ্ব রিপোর্টে এমনই তথ্য সামনে এসেছে। ২০২১ সালে এই দেশের মোট আয়ের ৫ ভাগের ১ ভাগই গিয়েছে দেশের ওপর সারির ১ শতাংশ মানুষের হাতে। অন্যদিকে নীচুতলার ৫০ শতাংশ মানুষকে দেশের মোট আয়ের মাত্র ১৩ শতাংশ নিয়েই দিন গুজরান করতে হয়েছে। প্যারিস স্কুল অফ ইকনমিক্স-এ অবস্থিত ওয়ার্ল্ড ইন ইকুয়ালিটি ল্যাব-এর এই রিপোর্ট তৈরিতে সমন্বয়ের দায়িত্বে ছিলেন ফ্রান্সের অর্থনীতিবিদ টমাস পিকেটি। রিপোর্টের মুখবন্ধে নোবেল জয়ী দুই অর্থনীতিবিদ অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায় ও এস্থার ডুফলো লিখেছেন, বিশ্বের যে সব দেশে অ-সাম্য চরমে ভারত এখন তার মধ্যে পড়ছে।

❑ সংযুক্ত আরব আমিরশাহীতে পেট্রো রসায়ন প্রকল্পে লগ্নি করছে মুকেশ আম্বানির রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ। আবুধাবির তাজিজের সঙ্গে গাঁটছড়া বেঁধে সেখানে ২০০ কোটি ডলার বিনিয়োগ করবে রিলায়েন্স।

❑ এতদিন পর্যন্ত অন্যান্য মুসলিম দেশগুলোর মতো সংযুক্ত আরব আমিরশাহীতে রবি থেকে বৃহস্পতিবার দিন পর্যন্ত ছিল কাজের দিন। আগামী বছরের প্রথম দিন থেকে সেই নিয়মে বদল ঘটছে। এবার থেকে শনি ও রবিবার ছুটি থাকবে। শুক্রবার অর্ধদিবস কাজ করতে হবে।

❑ আগামী বছরের আইপিএলে নতুন ভূমিকায় দেখা যাবে হরভজন

আইপিএলে নতুন ভূমিকায়

সিংকে। একটি ফ্রাঞ্চাইজি দলের মেন্টর অথবা কোনও একটি দলের পরামর্শদাতা হিসেবে কাজ করতে পারেন। এবার কলকাতা নাইট রাইডার্সের হয়ে একটি ম্যাচেও খেলেননি ৪১ বছর বয়সী এই তারকা।

৮ ডিসেম্বর

তামিলনাড়ুর কুন্নুরের কাছে নীলগিরিতে ভেঙে গেল কপ্টার। মৃত্যু হল জেনারেল বিপিন রাওয়াত

কপ্টার দুর্ঘটনায় প্রয়াত জেনারেল

সহ তাঁর স্ত্রী মধুলিকার। প্রাণহানী হয়েছে আরও ১১ জনের। কুয়াশার মধ্যে কপ্টার ধাক্কা খেল গাছে। তামিলনাড়ুর নীলগিরির জঙ্গলে এই দুর্ঘটনা ঘটে দুপুর ১২টার পর।

❑ টপ্পা ও পুরাতনি বাংলা গানের বিশিষ্ট শিল্পী চণ্ডীদাস মাল (৯২)

প্রয়াত টপ্পা শিল্পী

প্রয়াত হলেন। শৈশবে খেয়ালের তালিম নিয়েছিলেন তিনি। টানা ৩৫ বছর কালিপদ পাঠকের কাছে টপ্পা শিখেছেন। ১৯৪৪ সাল থেকে আকাশবাণীতে নিয়মিত গান গেয়েছেন তিনি। রবীন্দ্রসঙ্গীত, ধ্রুপদ, ভজন গানেরও চর্চা ছিল তাঁর। রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় ও বেঙ্গল মিউজিক কলেজে একসময় শিক্ষকতাও করেছেন তিনি।

❑ প্রধানমন্ত্রী আবাস যোজনার (গ্রামীণ) মেয়াদ বাড়াতে সম্মতি দিল কেন্দ্রীয় মন্ত্রীসভা। কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর জানিয়েছেন, ২০২৪ সালের মার্চ পর্যন্ত এইসময় বাড়ানো হয়েছে। গ্রামাঞ্চলের মানুষের মাথায় ছাদ জোগাড় করতেই এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন তিনি।

❑ র‍্যাঙ্কিং তালিকায় উত্তরণ ঘটল অশ্বিনের। নিউজিল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজে দুর্দান্ত ছন্দে থাকার স্বীকৃতিস্বরূপ পেলেন ভারতীয় আইসিসি টেস্ট র‍্যাঙ্কিং তালিকায় অলরাউন্ডার বিভাগে ২ নম্বরে উঠে এলেন অশ্বিন। মুম্বাই টেস্টের সেরা ময়াঙ্ক আগরওয়াল ব্যাটিং তালিকায় ১১ নম্বর স্থানে উঠে এলেন। বোলিং বিভাগে ৪১ নম্বরে উঠে এলেন মহম্মদ সিরাজ।

❑ বিগ ব্যাশ লিগে সিডনি সিক্সার্সকে জয় এনে দিলেন মোজেস হেনরিক্স। তাঁর দল ১৪ রানে পরাজিত করল হোবার্ট হ্যারিকেনসকে। প্রথমে ব্যাট করে সিক্সার্সের স্কোর দাঁড়ায় ১৪৪/৯। হেনরিক্স ৪৮ বলে ৭৩ রান করেছেন। জবাবে হোবার্ট হ্যারিকেনসের স্কোর দাঁড়ায় ১৩০/৮।

৯ ডিসেম্বর

আন্তর্জাতিক বাণিজ্যিক উড়ানের নিয়মিত পরিষেবা বন্ধ থাকবে ২০২২ সালের ৩১ জানুয়ারি পর্যন্ত। চলতি মাসের ১৫ তারিখ থেকেই আন্তর্জাতিক উড়ান পুরোপুরি চালু হওয়ার কথা ছিল।

❑ কল্যাণী থেকে ডায়মন্ড হারবার গঙ্গার এই এলাকা জুড়ে দূষণের মাত্রা নিয়ে সরব পরিবেশবিদরা। এবার তা উঠে এল ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ-এর কলকাতার একদল বিজ্ঞানীর গবেষণাতেও।

❑ ভারতের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ বিপিন রাওয়াতের মৃত্যুতে শোকপ্রকাশ করলেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিও গুতেরেস।

❑ সিনিয়রদের রাজ্য ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপে পুরুষদের সিঙ্গলের তৃতীয় রাউন্ডে জয়ী হলেন অয়ন পাল, দেব যোশী, সৈকত বন্দ্যোপাধ্যায়, অনির্বাণ মণ্ডল ও শুভদীপ মণ্ডল।

❑ চ্যাম্পিয়ন্স লিগে বায়ার্ন মিউনিখ ৩-০ গোলে বার্সেলোনাকে পরাজিত করল। অন্যদিকে ম্যান ইউ ও ইয়ন বয়েজের মধ্যে খেলাটি ১-১ ফলাফলে ড্র হয়।

১০ ডিসেম্বর

কলকাতা সহ দেশের ১৯টি জেলায় করোনা সংক্রমণের হার ৫-১০ শতাংশের মধ্যে রয়েছে বলে জানিয়েছে কেন্দ্রীয় সরকার। স্বাস্থ্যমন্ত্রক সূত্রে জানানো হয়েছে, সংক্রমণের হার ৫ শতাংশের বেশি হলেও তা উদ্বেগজনক। ওই তালিকায় সবচেয়ে বেশি জেলা রয়েছে কেরলের ৮টি। পশ্চিমবঙ্গের মধ্যে শুরু কলকাতা রয়েছে এই তালিকায়।

❑ আগামী বছরের জুলের ৬৫ দিন ছুটির তালিকা প্রকাশ করল মধ্যশিক্ষা পর্ষদ। এবারের গরমের ছুটি ১১ দিন, পুজোর ছুটি ২৪ দিন। গত কয়েক বছরে গরমের ছুটি বাড়াতে

❑ আফগানিস্তানের অর্থনীতি আমাদের চোখের সামনে ভেঙে পড়ছে বলে উদ্বেগপ্রকাশ করলেন রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার সংক্রান্ত প্রধান মার্টি গ্রিফিতস।

❑ জাতীয় শুটিংয়ে চ্যাম্পিয়ন হলেন দিব্যাংশু সিং পানোয়ার। তিনি সিনিয়র এবং জুনিয়র দুই বিভাগেই জাতীয় সেরার খেতাব জয়ী হয়েছেন। জাতীয় শুটিংয়ে ১০ মিটার এয়ার রাইফেল ইভেন্টে ২৫০ পয়েন্ট নিয়ে তিনি সোনা জয়ী হয়েছেন। জুনিয়র বিভাগেও তাঁর লাপট অব্যাহত।

❑ উজবেকিস্তানের তাসখন্দে চলা বিশ্ব ভারোত্তলন চ্যাম্পিয়নশিপে ক্লিন অ্যান্ড জার্কে ৫৫ কেজি বিভাগে সোনা পেলেন মণিপুরের এস বিন্দ্যারানি দেবী। এবারের প্রতিযোগিতায় এটাই ভারতের প্রথম পদক। ২২ বছর বয়সী বিন্দ্যারানী ১১৪ কেজি ওজন তুলে সোনা জয়ী হয়েছেন।

১১ ডিসেম্বর

সীমান্তে বিএসএফের এক্তিয়ার বাড়িয়ে ৫০ কিলোমিটার করার কেন্দ্রীয় সিদ্ধান্তের বিরুদ্ধে সুপ্রিমকোর্টে গেল পাঞ্জাব সরকার। শীর্ষ আদালতের রেজিস্ট্রার অ্যাটর্নি জেনারেলের মাধ্যমে কেন্দ্রকে এ বিষয়ে নোটিশ পাঠানো হয়েছে বলে খবর।

❑ ব্যাঙ্ক আমানতের বিমার অঙ্ক ১ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ৫ লক্ষ টাকা করেছে কেন্দ্রীয় সরকার। দিল্লির বিজ্ঞানভবনে এক আলোচনায় অংশ নেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

❑ টানা ২ সপ্তাহ ভারতের বিদেশি মুদ্রাভান্ডার অনেকটাই কমল। গত ৩ ডিসেম্বর শেষ হওয়া সপ্তাহে তা ১৭৮.৩ কোটি ডলার কমেছে। রিজার্ভ ব্যাঙ্কের তথ্য অনুযায়ী জানানো হয়েছে, এক্ষেত্রে তা হয়েছে ৬৩,৫৯০.৫ কোটি ডলার। আগের সপ্তাহে তা ২৭১.৩ কোটি ডলার কমেছিল।

❑ ২০২৮ লস অ্যাঞ্জেলস অলিম্পিক্সে ইভেন্ট হিসেবে সংযুক্ত হতে পারে ক্রিকেট। বিশ্ব ক্রিকেটের সর্বোচ্চ নিয়ামক সংস্থা আইসিসি এ বিষয়ে অনেকটাই আশাবাদী। ইতিপূর্বে আন্তর্জাতিক অলিম্পিক সংস্থা ২৮টি ইভেন্টকে অলিম্পিক্সের তালিকাভুক্ত করেছে।

❑ গাবায় সহজ জয় কামিন্সবাহিনীর। ইংল্যান্ডকে উইকেটে জয়ী অস্ট্রেলিয়া। ম্যাচ সেরা হয়েছেন ট্রাভিস হেড। ম্যাচের ফলাফল— ইংল্যান্ড ১৪৭ ও ২৯৭, অস্ট্রেলিয়া ৪২৫ ও ২০/১।

❑ পঞ্চমবার ধ্রুপদী দাবায় বিশ্ব চ্যাম্পিয়ন হলেন ম্যাগনাস কার্লসেন।

ধ্রুপদী দাবায় চ্যাম্পিয়ন

দুবাইয়ে ইয়ান নেপোমনিয়াচিকে ৭.৫-৩.৫ পয়েন্টে হারিয়েছে।

❑ ফর্মুলা-ওয়ান আবুধাবি গ্রাঁ প্রি-র চূড়ান্ত প্রস্তুতির রেসিংয়ে মার্সিডিজ চালক লুইস হ্যামিল্টনকে হারিয়ে ১ নম্বর পোল পজিশন ছিনিয়ে নিলেন রেডবুলের চালক মার্ক ভারস্টাপেন।

১২ ডিসেম্বর

দিয়েগো মারাদোনার আরও বেশি কিছু সামগ্রি অসমের শিবসাগর থেকে উদ্ধার করল পুলিশ। অভিযুক্ত ওয়াজিদ হোসেইন দুবাইয়ের এক বাড়িতে কর্মচারী ও নিরাপত্তারক্ষীর কাজ করতেন। একটি ক্লাবের প্রধান কোচ হিসেবে কাজ করার সময় সেখানে থাকতেন মারাদোনা। তখনই ওইসব সামগ্রি চুরি হয়েছে বলে জানা যায়।

❑ রামানুজন পুরস্কার বাঙালি গণিতজ্ঞের। শ্রীনিবাস রামানুজনের

রামানুজন পুরস্কার পেলেন

নামাঙ্কিত পুরস্কার প্রাপকের তালিকায় দ্বিতীয় বাঙালি হলেন নবীন গণিতজ্ঞ নিনা গুপ্ত। ২০২১ সালে এই পুরস্কার পেলেন তিনি। ২০১৮ সালে ঋতব্রত মুন্সি এই পুরস্কার পেয়েছিলেন। ভারতীয় হিসেবে নিনা চতুর্থ।

দেশদুনিয়ার হালহকিকৎ

করোনার ওমিক্রন স্ট্রেন। ডেল্টা স্ট্রেনের চেয়ে তা বেশি সংক্রামক। তবে তার উপসর্গের তীব্রতা অনেকটাই কম। বিভিন্ন তথ্যের ভিত্তিতে বিশ্ব স্বাস্থ্য সংস্থা একথা জানিয়েছে।

❑ গত সপ্তাহে ঋণনীতিতে সুদ কমায়নি রিজার্ভ ব্যাঙ্ক। তবে তার পরেও নির্দিষ্ট প্রকল্পে গৃহঋণে সুদ কমিয়ে ৬.৪০ শতাংশ করল ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র। যা ছিল ৬.৮০ শতাংশে।

❑ স্পেনের প্রথম খেলোয়াড় হিসেবে উইম্বলডন চ্যাম্পিয়ন মানোলো সান্তানা

প্রয়াত প্রাক্তন চ্যাম্পিয়ন

(৮৩)-র জীবনাবসান। তাঁর প্রয়াণে মর্মাহত রাফায়েল নাদাল।

❑ এশীয় রোয়িং চ্যাম্পিয়নশিপের শেষদিনেও ভারত ১টি সোনা, ৩টি রুপো পেল। তাইল্যান্ডের ব্যাংকক সোনা জয়ী হলেন অভিজ্ঞ রোয়ার অরবিন্দ সিং। ভারত ৩টি রুপো পেল পুরুষ বিভাগে লাইট ওয়েট ডবল স্কালস, কোয়ার্ডপল স্কালস ও ককলেস ফোর ইভেন্টে। প্রতিযোগিতায় ভারত পেল মোট ২টি সোনা ও ৪টি রুপো।

১৩ ডিসেম্বর

রবিন্দ্র সরবরে পরিবেশের ভারসাম্য বজায় রাখার পাশাপাশি কীভাবে সরবরকে দূষণমুক্ত ও উন্নয়নমুখী করে তোলা যায়, তা নিয়ে চলতি মাসের শেষে সমাজের বিভিন্ন স্তরের নাগরিকদের মুখোমুখি হবেন রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।

❑ স্বাধীনতার ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্সের অবদান তুলে ধরার জন্য সায়েন্স সিটিতে একটি প্রদর্শনীর শুরু। প্রায় ১০০টি যুদ্ধ জাহাজ, বিভিন্ন নৌযান ছাড়াও নজরদারি চালানোর উপযোগী জলযান তৈরি করেছে ওই সংস্থা।

❑ আইসিসি-র নভেম্বর মাসের সেরা ক্রিকেটার নির্বাচিত হলেন অস্ট্রেলিয়ার ওপেনার ডেভিড ওয়ার্নার। আইসিসি এক বিবৃতির মাধ্যমে এই খবর জানিয়েছেন। অন্যদিকে মেয়েদের বিভাগে মাসের সেরা হলেন ওয়েস্ট ইন্ডিজের অলরাউন্ডার হেলি ম্যাথিউস।

❑ জাতীয় ক্রিকেট অ্যাকাডেমির প্রধান হিসেবে কাজ শুরু করলেন প্রাক্তন ভারতীয় ক্রিকেটার ভিভিএস লক্ষণ।

❑ চলতি কমনওয়েলথ ভারোত্তলন চ্যাম্পিয়নশিপে সোনা জয়ী হলেন ভারতের অজয় সিং। এই সাফল্যের পর ২৪ বছর বয়সী ভারতীয় অ্যাথলিট সরাসরি ২০২২ সালের কমনওয়েলথ গেমসে অংশ নেওয়ার ছাড়পত্র পেলেন। ৩২২ কেজি ওজন তুলে সোনা জয়ী হলেন তিনি।

❑ লা লিগায় রিয়াল ২-০ ফলাফলে আতলেতিকোকে পরাজিত করল অন্যদিকে বার্সেলোনা ও ওসাসুনার মধ্যে খেলাটি ২-২ ফলাফলে অমীমাংসিত থাকল।

সংকলন : প্রবীর মুখোপাধ্যায়

আসল গ্রহরত্ন বিক্রয়ের একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান
RD GEMS
পোখরাজ হীরা
নীলা পলা
পান্না গোমেদ
চুনী মুক্ত
ক্যাটস আই
দাম আপনার সাধ্যের মধ্যেই
সকল প্রকার খুচরো ও পাইকারি গ্রহরত্নের জন্য যোগাযোগ করুন
টোল ফ্রি নম্বর— ১৮০০ ৮৯১ ৩৮৮১
Email: rdgems060@gmail.com,

১৮৫ অফিসার

৫ পাতার পর .....

অ্যাগ্রিকালচারাল এক্সটেনশন/ অ্যাগ্রোনমি/ এন্টোমোলজি/ নিমাটোলজি/ জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং/ অ্যাগ্রিকালচার বটানি/ প্ল্যান্ট বায়োটেকনোলজি/ প্ল্যান্ট প্যাথোলজি/ প্ল্যান্ট ফিজিওলজি/ সিড সায়েন্স অ্যান্ড টেকনোলজি/ সয়েল সায়েন্স অ্যান্ড অ্যাগ্রিকালচারাল কেমিস্ট্রির মাস্টার ডিগ্রিধারীরা অথবা অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলর ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে মাস্টার ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকা চাই এবং গ্র্যাজুয়েট ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছরের অভিজ্ঞতা থাকা চাই। সংশ্লিষ্ট ডিসিপ্লিনের ডক্টরেট ডিগ্রিধারী হলে ভাল। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে লেভেল-১১ অনুযায়ী। নিয়োগ হবে অ্যাগ্রিকালচার অ্যান্ড ফার্মার ওয়েলফেয়ার ডিপার্টমেন্টে।

(ভ্যাকান্সি নং- 21121902625) **অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার কোয়ালিটি অ্যাশিওরেন্স (আর্মামেন্ট-অ্যামুনিশন)**: মোট শূন্যপদ ২৯টি (অসং ১৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৮, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২)। ফিজিক্স, কেমিস্ট্রি (ইনঅর্গানিক), কেমিস্ট্রি (অর্গানিক)-এর যে কোনও একটি বিষয় নিয়ে বিজ্ঞান শাখার মাস্টার ডিগ্রিধারীরা অথবা মেকানিক্যাল, প্রোডাকশনের বি ই/ বি টেক ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে লেভেল-৭ অনুযায়ী। নিয়োগ হবে ডিরেক্টরেট জেনারেল কোয়ালিটি অ্যাশিওরেন্সে।

(ভ্যাকান্সি নং- 21121903625) **অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার কোয়ালিটি অ্যাশিওরেন্স (ইলেক্ট্রনিক্স)**: মোট শূন্যপদ ৭৪টি (অসং ৩৬, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৬, ওবিসি ২০, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৩)। ফিজিক্স, ইলেক্ট্রনিক্স, ফিজিক্স সহ ইলেক্ট্রনিক্স-এর যে কোনও একটি বিষয় নিয়ে বিজ্ঞান শাখার মাস্টার ডিগ্রিধারীরা অথবা ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন-এর যে কোনও একটির বি ই/ বি টেক ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে লেভেল-৭ অনুযায়ী। নিয়োগ হবে ডিরেক্টরেট জেনারেল কোয়ালিটি অ্যাশিওরেন্সে।

(ভ্যাকান্সি নং- 21121904625) **অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার কোয়ালিটি অ্যাশিওরেন্স (জেনটেক্স)**: মোট শূন্যপদ ৫৪টি (অসং ২৫, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৫, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২)। ফিজিক্স, কেমিস্ট্রি (ইনঅর্গানিক), কেমিস্ট্রি (অর্গানিক)-এর যে কোনও একটি বিষয় নিয়ে বিজ্ঞান শাখার মাস্টার ডিগ্রিধারীরা অথবা মেকানিক্যাল, মেটালার্জি, টেক্সটাইল অ্যান্ড ক্লথিং, টেক্সটাইল টেকনোলজি, প্লাস্টিক টেকনোলজি, পলিমার টেকনোলজি, সেরামিক টেকনোলজির বি ই/ বি টেক ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে লেভেল-৭ অনুযায়ী। নিয়োগ হবে ডিরেক্টরেট জেনারেল কোয়ালিটি অ্যাশিওরেন্সে।

(ভ্যাকান্সি নং- 21121905425) **জুনিয়র টাইম স্কেল (জেটিএস) গ্রেড অফ সেন্ট্রাল লেবার সার্ভিস**: মোট শূন্যপদ ১৭টি (অসং ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১)। যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা সোশ্যাল ওয়ার্ক/ লেবার ওয়েলফেয়ার/ ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স/ পার্সোনেল ম্যানেজমেন্ট/ লেবার ল-এর ডিপ্লোমাধারী হলে আবেদন করতে পারেন। আইনের ডিগ্রিধারী হলে ভাল। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে লেভেল-১০ অনুযায়ী। নিয়োগ হবে লেবার অ্যান্ড এমপ্লয়মেন্ট মিনিস্ট্রিতে।

(ভ্যাকান্সি নং- 21121906425) **অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার**: মোট শূন্যপদ ৯টি (অসং ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রিধারীরা অ্যাডমিনিস্ট্রেশন/ অ্যাকাউন্টস অ্যান্ড এস্টাব্লিশমেন্ট/ লিগ্যাল/ ভিজিল্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারবেন। আইন/ পার্সোনেল ম্যানেজমেন্টের ডিগ্রিধারী হলে ভাল। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে লেভেল-৭ অনুযায়ী। নিয়োগ হবে মিনিস্ট্রি অফ মাইনসে।

সবক্ষেত্রেই বয়সের হিসেব করতে হবে ১২-১-২০২২ তারিখের হিসেবে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

প্রার্থীবাছাই হবে ইন্টারভিউ বা অন্যান্য বাছাই পরীক্ষার মাধ্যমে। এই সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন নীচে বলা ওয়েবসাইটে।

আবেদন করবেন অনলাইনে http://www.upsconline.nic.in ওয়েবসাইটের মাধ্যমে, ১৩ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নথিপত্র স্ক্যান করে রাখবেন। আবেদনের ফি বাবদ দিতে হবে ২৫ টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এছাড়া অফলাইনে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনও শাখায় নগদে ফি জমা করতে পারেন। তফশিলি, শারীরিক প্রতিবন্ধী ও মহিলাদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে ফাইনাল সাবমিশন করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিতে পারবেন ১৪ জানুয়ারির মধ্যে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: 19/2021। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ও http://www.upsc.gov.in ওয়েবসাইটে।

১৯৫ অধ্যাপক

৫ পাতার পর .....

ক্যুরিয়ারে। যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত কপি ও দরখাস্ত ভরা খামের ওপর লিখতে হবে "APPLICATION FOR THE POST OF ……IN DEPTT OF ……." বিজ্ঞপ্তি নং AIIMS/Rbl/Admin/Rec./Faculty/2021/5063. যাবতীয় নতুন তথ্য নিয়মিত আপডেট করা হবে www.aiimsrbl.edu.in ওয়েবসাইটে। আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে/ পিডিএফে।

Domestic & International Courier Service
RUNNER EXPRESS
WORLD WIDE
ON TIME DELIVERY IS OUR MOTO
For more details Call our Toll Free No: 18008914133

পশ্চিমবঙ্গ জয়েন্ট

৩ পাতার পর .....

ক্ষেত্রে ৫৫) শতাংশ নম্বর সহ উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা অন্তত ৬০ (তফশিলি, ওবিসি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫) শতাংশ নম্বর পেয়ে মূল বিষয় হিসেবে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স/ বায়োলজি নিয়ে পড়ে থাকলে এবং ওই ৩টির প্রতিটিতে অন্তত পাশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে ইংরিজিতে অন্তত ৩০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-২০২২ হবে কমন এন্ট্রান্স টেস্টের মাধ্যমে। সারা রাজ্যের বিভিন্ন কেন্দ্রগুলিতে এই পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৩ এপ্রিল। থাকবে ২টি পেপার। প্রথম পেপারে থাকবে মোট ১০০ নম্বরের ম্যাথমেটিক্স বিষয়ের ৭৫টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। প্রথম পেপারের পরীক্ষা হবে সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত। দ্বিতীয় পেপারে থাকবে মোট ৫০ নম্বরের ফিজিক্স বিষয়ের ৪০টি প্রশ্ন ও মোট ৫০ নম্বরের কেমিস্ট্রি বিষয়ের ৪০টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। প্রতিটি পেপারে থাকবে ৩টি ক্যাটেগরি। প্রথম ও দ্বিতীয় ক্যাটেগরিতে নেগেটিভ মার্কিং আছে। তৃতীয় ক্যাটেগরিতে নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন নীচে বলা ওয়েবসাইটে। যাঁরা প্রথম* ও দ্বিতীয় পেপারে বসবেন তাঁরা জেনারেল ও ফার্মাসি মেরিট র‍্যাঙ্ক অনুযায়ী সব কোর্সে ভর্তি হওয়ার সুযোগ পাবেন। তবে যাঁরা কেবলমাত্র দ্বিতীয় পেপারে বসবেন তাঁরা যাদবপুর ইউনিভার্সিটি ছাড়া বাকি বিশ্ববিদ্যালয়ে ফার্মাসির কোর্সগুলিতে ভর্তির সুযোগ পাবেন। যাঁরা কেবলমাত্র প্রথম পেপারে বসবেন তাঁরা কোনও র‍্যাঙ্কের জন্য বিবেচিত হবেন না। পরীক্ষার অ্যাডমিট কার্ড নীচে বলা ওয়েবসাইট থেকে ১৮ এপ্রিল থেকে ২৪ এপ্রিলের মধ্যে ডাউনলোড করে নিতে হবে। পরীক্ষা কেন্দ্রগুলি হল— আলিপুরদুয়ার (জোন কোড-১০), বাঁকুড়া (১১), বিষ্ণুপুর (১২), বোলপুর (১৩), সিউরি (১৪), কোচবিহার (১৫), বালুরঘাট (১৬), কার্শিয়াং (১৭), শিলিগুড়ি (১৮), আরামবাগ (১৯), ব্যান্ডেল/ চুঁচুড়া (২০), শ্রীরামপুর (২১), হাওড়া ময়দান/ শিবপুর (২২), সালকিয়া/ বালি/ উত্তরপাড়া (২৩), সাঁতরাগাছি/ ডোমজুড় (২৪), উলুবেড়িয়া (২৫), জলপাইগুড়ি (২৬), খড়গ্রাম (২৭), কালিম্পং (২৮), সেন্ট্রাল কলকাতা (মৌলালি/ বেলিয়াঘাটা/ নারকেলডাঙা/ ফুলবাগান/ কাঁকুরগাছি/ পার্ক সার্কাস) (২৯), নর্থ কলকাতা (শ্যামবাজার/ বাগবাজার/ গিরিশপার্ক/ বড়বাজার/ কলেজ স্ট্রিট/ শিয়ালদহ (৩০), সল্টলেক/ নিউটাউন (সল্টলেক/ লেকটাউন/ নিউটাউন/ রাজারহাট) (৩১), সাউথ কলকাতা (বালিগঞ্জ/ মিটোপার্ক/ ভবানীপুর/ টালিগঞ্জ/ যাদবপুর) (৩২), ওয়েস্ট কলকাতা (জোকা/ বেহালা/ আলিপুর/ চেতলা/ খিদিরপুর/ বজবজ) (৩৩), মালদা (৩৪), বহরমপুর (৩৫), জিয়াগঞ্জ (৩৬), রঘুনাথগঞ্জ (৩৭), কল্যাণী (৩৮), কৃষ্ণনগর (৩৯), নবদ্বীপ (৪০), অশোকনগর (৪১), বারাসত (এয়ারপোর্ট/ মধ্যমগ্রাম/ বারাসত) (৪২), ব্যারাকপুর (দমদম জং থেকে ব্যারাকপুর) (৪৩), বসিরহাট (৪৪), আসানসোল (৪৫), দুর্গাপুর (৪৬), গড়বেতা (৪৭), খড়্গপুর (৪৮), মেদিনীপুর (৪৯), বর্ধমান (৫০), কাটোয়া (৫১), হলদিয়া (৫২), তমলুক (৫৩), পুরুলিয়া (৫৪), গড়িয়া/ সোনারপুর/ বারুইপুর (৫৫), জয়নগর (৫৬), রায়গঞ্জ (৫৭)। এছাড়া অসম (৫৮) ও আগরতলা (৫৯)। পরীক্ষার ফল প্রকাশের দিনক্ষণ পরে জানিয়ে দেওয়া হবে।

আবেদন করবেন অনলাইনে https://wbjeeb.nic.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ১০ জানুয়ারির মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে, জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) ও কালো কালি দিয়ে করা সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) এবং অন্য কোনও নথিপত্র চাইলে তা (৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে, পিডিএফ ফর্ম্যাটে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ (তফশিলি এবং ওবিসিদের ক্ষেত্রে ৪০০) টাকা। অনলাইনে ফি জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে কনফার্মেশন পেজের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। মনে রাখবেন দরখাস্তের কোনওরকমের সংশোধন করতে হলে তা করতে হবে ১১ থেকে ১৩ জানুয়ারি পর্যন্ত। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

Editor: Prabir Mukhopadhyay. Ph: (033) 2334-3575, Mob: 9434972260, Email: editorkaajcareer@gmail.com, Website : www.kaajcareer.in,
Find us on ---- Facebook: www.facebook.com/kaajcareer, Twitter: www.twitter.com/Kaajcareer, Instagram: Kaajcareer